

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৪০.০৮০.২২-৪৩

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪৩০
১৮ জুলাই ২০২৩

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধনের দ্বৈততা পরিহারে করণীয়।

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সংশোধন, ২০১৩)-এর নির্যাস অনুসারে একজন ব্যক্তির একটিমাত্র জন্ম নিবন্ধন সনদ থাকবে; কিন্তু অনেকে নিজের নাম বা ঠিকানা, পিতা, মাতার নামের অংশ বিশেষ গোপন বা পরিবর্তন করে BDRIS সিস্টেমে তথ্য দিয়ে একাধিক জন্ম নিবন্ধন সনদ গ্রহণ করে থাকেন। এতে সিস্টেমে সম্ভাব্য দ্বৈততা (Possible Duplicates) দেখা দেয়; একাধিক জন্ম নিবন্ধন হয়, এতে ডাটার শুদ্ধতা নিয়ে প্রশ্ন দেখা দেয়, সফটওয়্যারে চাপ পড়ে। এ অবস্থা থেকে পরিত্রাণ দরকার। দ্বৈততা পরিহারের লক্ষ্যে করণীয় বিষয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর বিধি ৯।(১) (ক) (আ) তে বর্ণিত আছে। এখানে জন্ম ও মৃত্যু নিবন্ধনের দ্বৈততা পরিহার করিবার লক্ষ্যে জন্ম নিবন্ধনাধীন ব্যক্তির পিতা ও মাতার জন্ম নিবন্ধন নম্বর উল্লেখ ও উহার সনদ দাখিলের বিষয় উল্লিখিত আছে। তাই আবেদনাধীন ব্যক্তির জন্ম নিবন্ধন আবেদনের সময় তাঁর পিতা, মাতার জন্ম নিবন্ধন নম্বর উল্লেখসহ সনদের কপি সংযুক্ত করলে জন্ম নিবন্ধনের দ্বৈততা এড়ানো সম্ভব। উপরন্তু, এর দ্বারা সন্তানের জন্ম নিবন্ধন নম্বরের সাথে তাঁর পিতা-মাতার জন্ম নিবন্ধন নম্বরের মধ্যে ইলেক্ট্রনিক বন্ডিং (Electronic Bonding) এর মাধ্যমে পারিবারিক বন্ধন (Family Tree) সৃষ্টি করা সম্ভব হবে। এর দ্বারা ডাটার শুদ্ধতা নিশ্চিত হবে। আইনে সকল নাগরিকের জন্ম নিবন্ধন নিশ্চিত করা বর্ণিত হয়েছে। আইনে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে দেশের সকল ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়টি উল্লিখিত হয়েছে এবং ২০৩০ সাল নাগাদ দেশের সকল ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার অঙ্গীকার এসডিজি-তে অন্তর্ভুক্ত রয়েছে।

০২। অপরদিকে, তথ্যের পরিপূর্ণতা ও শুদ্ধতার জন্য জন্ম বা মৃত্যু নিবন্ধনকালে অনলাইন আবেদন ফরমের প্রতিটি ঘর, সারি, বাংলা ও ইংরেজি যেখানে যেভাবে উল্লেখ আছে সেখানে সেভাবে তা পূরণ করা আবশ্যিক। সন্তানের জন্ম সনদের ত্রুটি সংশোধনের ক্ষেত্রে পিতা-মাতার জন্ম সনদ নম্বর সংযুক্ত করা জরুরি।

০৩। বর্ণিত অবস্থায়, তাঁর অধীন নিবন্ধন অফিস সমূহকে ব্যক্তির জন্ম নিবন্ধনের ক্ষেত্রে ফরম যথাযথ পূরণ এবং আবেদন এর সঙ্গে নিবন্ধনাধীন ব্যক্তির পিতা, মাতার জন্ম নিবন্ধন নম্বর ও তার কপি সংযুক্ত করার প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।



মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২২২৩৩৮৬৬০৬
ই-মেইল: rg@orgbdr.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
০২. পরিচালক, কনসুলার এবং এমআরপি, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক (সকল)।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
০৫. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)।
০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)।

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার (সকল) মহোদয়ের একান্ত সহকারী।